



এই পার্কেই হবে অক্সিজেন পার্কার। ছবি: সৌগত রায়

নাগরিকদের জন্য অক্সিজেন পার্কার

মিল্টন সেন

চুগলি, ১৭ জুলাই

ছোট শহরগুলোতে এখন ব্যাক্তের ছাতার মতো গজিয়ে ওঠা কিছুটা পার্কার, ম্যাসাজ পার্কার, আইসক্রিম পার্কার দেখতে পাওয়া যায়। কিন্তু অক্সিজেন পার্কার! শুনেতে অবাক লাগলেও এমনটাই হতে চলেছে উত্তরপাড়ার একটি পার্কে। ইতিমধ্যে কাজও শুরু হয়ে গেছে দূষণমুক্ত অক্সিজেন পর্কারের। উত্তরপাড়া-কোতরাং পুরসভা আশাবাদী, পুজোর আগেই চালু করা যাবে এই পার্কার। উত্তরপাড়ায় গঙ্গার পারে সোমনাথ শিশু পার্ক নতুন করে সাজানোর কাজ শুরু করেছে পুরসভা। সেই পার্কেই অক্সিজেন পার্কার তৈরি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

কেন এই পার্কার? ইট-কাঠ-পাথরের জঙ্গল আর দুখের শহরে জীবন ভরে উঠেছে। সবুজ কমে যাওয়ায় অক্সিজেনের অভাব টের পাওয়া যায়। তাই কর্মব্যস্ততার ফাঁকে একটু 'ফ্রেশ' হাওয়ার খোঁজে শহরেরই পার্কগুলিতে খুরতে আসেন অনেকেই। পুরপ্রিয়ান মিলীপ যাদব জানিয়েছেন, বিশেষত শ্রবীণ নাগরিকদের কথা ভেবেই পুরসভার এই উদ্যোগ। যারা পার্কে আসেন তাঁরা কেউ যদি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন অথবা পথচলাতি কোনও মানুষের যদি খাসকণি হয় সঙ্গে সঙ্গে তিনি অক্সিজেন নিতে পারবেন। একসঙ্গে ৬ জন অক্সিজেন নিতে পারবেন এই পার্কারে, তার ব্যবস্থা করা হয়েছে। একজন মেডিক্যাল টেকনিশিয়ান থাকবেন। অক্সিজেন মাঝ লাগানো থেকে অন্য কাজে সাহায্য করবেন তিনি। উত্তরপাড়া শহরে বেশ কয়েকটি বেসরকারি নার্সিংহোম রয়েছে। সেখানে অক্সিজেন নিতে গেলে খরচ অনেক বেশি। পার্কের অক্সিজেন পার্কারে সামান্য খরচেই তা পাওয়া যাবে।